একজন কর্মী বা পুলিস অফিসারকে সমস্ত সন্দেহজনক ক্রিয়াকলাপের ব্যাপারে জানান।

আপৎকালীন পরিস্থিতির ক্ষেত্রে কর্মী সদস্যদের দিশানির্দেশ মেনে চলুন।

আপনার বন্ধু এবং পরিবারকে এই বার্তাটি জানান।

নিরাপত্তা সম্পর্কিত পরামর্শ

- কোনও সন্দেহজনক জিনিস স্পর্শ বা স্থানান্তর করবেন না।
- সেল ফোন বা রেডিও ব্যবহার করা এড়িয়ে চলবেন।
- এলাকার থেকে বেরিয়ে গিয়ে একটি সুরক্ষিত জায়গায় যান।
- আপনার চারিপাশের ব্যাপারে জানুন।

যদি আপনি

কিছু দেখেন তাহলে

তা বলতে পিছপা হবেন না®

নিউ ইয়র্ক স্টেটের টেরোরিজম টিপস হটলাইনের এই নম্বরে কোনও সন্দেহজনক কার্যকলাপের খবর দিন

1-866-SAFE-NYS
1-866-723-3697
নিউ ইয়র্ক স্টেট জুড়ে

1-888-NYC-SAFE
1-888-692-7233
নিউ ইয়র্ক সিটিতে

আরও তথ্যের জন্য:
U.S. Department of Homeland Security/TSA (Transportation Security Administration, TSA)
www.dhs.gov

Federal Transit Administration
Transit Watch
http://www.fta.dot.gov/

NEW YORK STATE | Homeland Security and Emergency Services | Counter Terrorism

Harriman State Office Campus
1220 Washington Avenue
Building 7A
Albany, NY 12226

www.dhses.ny.gov/oct

"যদি আপনি কিছু দেখেন তাহলে তা বলতে পিছবা হবেন না®"
মেট্রোলপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির অনুমতি সহ ব্যবহার করা হয়।

নিরাপত্তার পদক্ষেপ নিউ ইয়র্ক

সাধারণ এভিয়েশন

Andrew M. Cuomo
গভর্নর

আপনি কীভাবে সন্ত্রাসবাদ প্রতিরোধ করতে পারেন

- **রুটিন জানুন।**
- **আপনার চারপাশে কী ঘটছে তা সম্পর্কে জানুন।**
- **গুরুতর কিছু শুনলে বিবেচনা করুন।**

যদি আপনি কিছু দেখেন, তাহলে তা বলতে পিছপা হবেন না!
নিউ ইয়র্ক স্টেটের টেরোরিজম টিপস হটলাইনের এই নম্বরে কোনও সন্দেহজনক কার্যকলাপের খবর দিন 1-866-SAFE-NYS (1-866-723-3697)। এই কলগুলো বিনামূল্যের এবং কঠোরভাবে গোপনীয় রাখা হবে। আপৎকালীন অবস্থা বা অপরাধ সম্পর্কে জানাতে 911 নম্বরে ফোন করুন।

এখন আপনি কিছু দেখলে, তা পাঠাতে পিছপা হবেন না!
"আপনি কিছু দেখলে, তাহলে তা বলতে পিছপা হবেন না (See Something, Send Something)" যে কাউকে সন্দেহজনক কার্যকলাপ ছবির আকারে ধারণ করা বা নোটের আকারে লিখে রাখার এবং নিউ ইয়র্ক স্টেটের গোয়েন্দা বিভাগে তথ্য পাঠানোর অনুমতি দেয়। সেখানে তথ্য পর্যালোচনা করা হবে এবং প্রাসঙ্গিক হলে উপযুক্ত আইন বলবৎকরণ সংস্থার কাছে পাঠানো হবে। iPhone এবং Android ফোন ব্যবহারকারীরা বিনামূল্যে অ্যাপটি ডাউনলোড করতে পারেন, যেখানে কোন ধরনের খবরাখবর রাখতে এবং কখন সন্দেহজনক কার্যকলাপ জানাতে হবে তা সম্পর্কে বলা আছে।

SEE SOMETHING
SEND SOMETHING

অনলাইনে অ্যাপ ডাউনলোড করুন: www.NY.gov/SeeSendNY
বা **QR কোড** স্ক্যান করার জন্য ফোন ব্যবহার করুন

সন্দেহজনক আচরণের বর্ণনা দেয়া
কাদের প্রতি আপনি নজর রাখবেন?
কী দেখেছেন? নির্দিষ্টভাবে জানান।
কোথায় এটি দেখেছেন?
কখন এটি দেখেছেন?
কেন এটি সন্দেহজনক?

আপনি সন্দেহজনক কার্যকলাপ দেখলে
সরাসরি কোনও পদক্ষেপ নেবেন না।
সেই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করবেন না।
আপনার সন্দেহ প্রকাশ করবেন না।
যত সম্ভব বিশদ বিবরণ লিপিবদ্ধ করুন।
যত দ্রুত সম্ভব উপযুক্ত কর্তৃপক্ষকে জানান।

সন্ত্রাসবাদের আটটি লক্ষণ জেনে নিন

1. **নজরদারী:** কোনও ব্যক্তি রেকর্ড করছে, দেখছে, সাধারণত ছবি তুলছে বা কার্যকলাপের উপর নজর রাখছে বিশেষ করে গুরুত্বপূর্ণ নির্মাণের কাছাকাছি।
2. **সন্দেজনক প্রশ্ন করা:** কর্মী সংখ্যা এবং কর্মী, কেন্দ্রের নির্দিষ্ট তথ্য, প্রতিক্রিয়া প্রোটোকল এবং নিরাপত্তা, যা আদতেই জানার দরকার নেই।
3. **নিরাপত্তার পরীক্ষাসমূহ:** পরীক্ষা হিসেবে নিরাপত্তা লঙ্ঘন বা অনুপ্রবেশ; এর মধ্যে একাধিক বা ব্যাখ্যা দেয়া সম্ভব নয় এমন ভুল করে বাজানো অ্যালার্ম এবং/অথবা নিরাপত্তা স্থলগুলিতে গিয়ে হারিয়ে গেছেন এমন সব লোকজন থাকতে পারে।
4. **অর্থের জোগান:** বড় পরিমাণে নগদে পেমেন্ট, জমা, অর্থ তোলা বা অর্থ ট্রান্সফার; প্রচুর নগদ পাচার; সন্দেহজনক আর্থিক জালিয়াতি; জাল সামগ্রী বিক্রয়; অথবা ভুয়ো অনুদান।
5. **জিনিসপত্র সংগ্রহ করা:** আক্রমণের জন্য প্রয়োজনীয় জিনিস ক্রয়, চুরি যাওয়া, হারানো বা স্থানীয় সূত্রে সংগ্রহ করা সম্ভব নয় এমন পণ্যদ্রব্য; বিস্ফোরক, অস্ত্র, রাসায়নিক সরঞ্জাম, কম্পিউটার, নীল নকশা, মানচিত্র, ভুয়ো পরিচয়পত্র, নিরাপত্তা পরিকল্পনা, প্রশিক্ষণ সামগ্রী অন্তর্ভুক্ত থাকতে পারে।
6. **অনধিকার স্থানে সন্দেহজনক ব্যক্তি:** সেইসব লোকজন যাদের ইউনিফর্ম, ক্রেডেনশিয়াল থাকার কথা নয়, অস্বাভাবিক আচরণ করছে বা বেআইনিভাবে এইসব রেখেছে বা সঙ্গে রয়েছে নকল/চুরি করা/ভিন্ন উদ্দেশ্যে নেয়া গাড়ি।
7. **পালানোর মহড়া:** কোনও ব্যক্তি আক্রমণের পরে পালানোর জন্য সময় ও পালানোর রাস্তা খোঁজার মহড়া দিচ্ছে।
8. **আক্রমণের ব্যবস্থা করা:** আক্রমণের জন্য সামগ্রী এবং/অথবা ব্যক্তিগত জিনিসপত্রের প্রস্তুতি।

বিমান বন্দরে নির্দিষ্ট কার্যকলাপ

- আইন প্রয়োগকারী, নিরাপত্তা কর্মী বা পর্যবেক্ষণ ব্যবস্থা সহ টার্মিনাল অপারেটিং এলাকায় বা ল্যান্ডসাইডে নোট নেওয়া
- বিমানবন্দরের নিরাপদ, অকার্যকর এবং কার্যকরীভাবে সীমিত এলাকায় নিরাপত্তা সম্পর্কে অ-SIDA ব্যাজধারী ব্যক্তিদের দ্বারা প্রশ্ন করা
- বিমানবন্দরের কর্মী বা নিরাপত্তা ক্যামেরা থেকে মুখ ঢেকে চলার চেষ্টা করা
- বর্তমান আবহাওয়ার (যেমন শীতে ভারি পোশাক) সঙ্গে মানানসই নয় পোশাক পরা
- বিমানবন্ধর চত্বরে কোনও ব্যক্তির অস্বাভাবিক প্যাকেজ আনা বা আনার চেষ্টা করা
- জিনিস (যেমন জিনিসপত্র, ব্যাগ, বাক্স, কার্ট বা ডিভাইস) ঢাকার বা ছেড়ে যাওয়ার চেষ্টা
- অজানা মানুষজনের দ্বারা ল্যান্ডসাইড বা টার্মিনাল অপারেটিং এলাকায় জিনিস বা ব্যাগ ছেড়ে যাওয়ার চেষ্টা করা
- নিরাপদ, অকার্যকর এবং কার্যকর এলাকার মতো সীমিত এলাকায় পায়ে হেঁটে বা গাড়িতে করে প্রবেশের প্রচেষ্টা করা
- কার্যকর, কর্মী এবং নিরাপত্তা সম্পর্কে পরোক্ষভাবে তথ্য সংগ্রহ
- প্রস্থান বা আগমনের রাস্তায় দাঁড়িয়ে থাকা কোনও যান যা কোনও লোডিং বা আনলোডিংয়ের সঙ্গে যুক্ত নয়
- VIP লট, ডক লোডিং বা বিমানবন্দরের তারজালির সংযোগে সংযুক্ত এমন স্থানে পার্ক করতে অনুমোদিত নয় এমন যান
- কোনও ব্যক্তির স্নায়বিক, অস্বস্তিকর আচরণ এবং চোখাচোখি এড়ানো
- কেনাকাটা ছাড়া বা বোর্ডিং পাস ছাড়া বার বার টার্মিনালে আসা